

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের অক্টোবর ২০১৯ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শেখ মুজিবুর রহমান, অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃংখলা) ও
চিফ ইনোভেশন অফিসার স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)।
তারিখ ও সময় : ২৯.১০.২০১৯ খ্রিঃ, বেলা: ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। তিনি উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে বলেন, স্বাস্থ্য সেবাকে জনগণের দোরগোড়ায় সহজে পৌঁছে দিতে ইনোভেশনের গুরুত্ব অসীম। স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে স্বাস্থ্যসেবাকে সহজতর করতে হবে। ২০৩০ সালের মধ্যে এসডিজি'র স্বাস্থ্য সংক্রান্ত লক্ষ্যমাত্রায় পৌঁছাতে ইনোভেশন কার্যকর ভূমিকা পালন করবে। তিনি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পের রেল্লিকেশন/স্কেল আপ: ড. বিলকিস বেগম, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেল্লিকেশন করার জন্য দেশের প্রতিটি বিভাগে কর্মশালা আয়োজনের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে পরামর্শ দেন। তিনি জানান, কর্মশালাগুলোতে নির্বাচিত প্রকল্পের উদ্ভাবক, সিভিল সার্জন, জেলা হাসপাতাল তত্ত্বাবধায়ক, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মন্ত্রণালয় ও অধিদপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত থাকবেন। উক্ত কর্মশালায় স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ স্ব স্ব এলাকায় রেল্লিকেশন/স্কেল আপের জন্য প্রকল্প বাছাই করবেন। তিনি কর্মশালাসমূহের খরচের বিষয়ে একটি খসড়া বাজেট করতে স্বাস্থ্য অধিদপ্তরের ইনোভেশন কর্মকর্তাকে অনুরোধ জানান। সভাপতি মহোদয় ময়মনসিংহ বিভাগে প্রথম কর্মশালা করার নির্দেশনা প্রদান করেন। তিনি ডিসেম্বরের মধ্যে ওয়ার্কশপগুলো সম্পন্ন করারও নির্দেশনা প্রদান করেন।

০৪. নতুন ইনোভেশন প্রকল্প: উপসচিব (প্রশাসন-৪) জানান গত সেপ্টেম্বর মাসে অধিদপ্তরসমূহ হতে নতুন প্রকল্প প্রেরণের আহ্বান জানানো হয়। প্রাপ্ত ইনোভেশন প্রকল্প বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি তাদের কাছে মোট ১৭টি নতুন প্রকল্প জমা পড়েছে মর্মে জানান। মাসিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রতিনিধি তাদের নিকট ৩টি নতুন প্রকল্প জমা পড়েছে মর্মে জানান। সভাপতি তালিকাসহ প্রকল্পগুলোর সফট কপি প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন এবং আগামী ৩ নভেম্বর ২০১৯ তারিখের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের তথ্য বাতায়নে আপলোড করারও নির্দেশনা দেন।

০৫. ইনোভেশন কমিটির সভা : সভাপতি মহোদয় অধিদপ্তরসমূহকে ইনোভেশন টিমের সভার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব আমিনুল ইসলাম, পরিচালক (যুগ্মসচিব), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর তাদের মাসিক সভা সম্পন্ন হয়েছে মর্মে জানান। এছাড়াও তিনি স্বাস্থ্য সেবা বিভাগের পরবর্তী ইনোভেশন সভা স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে আয়োজনের অনুরোধ জানান। সভাপতি বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক মাসিক সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তরগুলোর সভাতে স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে পর্যবেক্ষক হিসাবে রাখার নির্দেশনা দেন।

০৬. প্রশিক্ষণ : সভাপতি ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণগুলো যথাসময়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মোতাবেক সম্পন্ন করার জন্য প্রশাসন-৪ এবং অধিদপ্তর/দপ্তরসমূহের ইনোভেশন অফিসারদের নির্দেশনা প্রদান করেন।

০৭. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৭.১	স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তরসমূহ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ অনুযায়ী মাসিক সভা করবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে;	অধিদপ্তর/দপ্তরসমূহ
০৭.২	মন্ত্রণালয়ের মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করবে;	সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং অধিদপ্তর/দপ্তরসমূহ

